



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Programme 5th Semester Examination, 2023-24

BNGGEC01T-BENGALI (GE1)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করছে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। ডেস্ক-মুক্ত ভারত গড়তে একটি জনস্বার্থমূলক বিজ্ঞাপন রচনা করো। ১০
অথবা
শিশুদের পুষ্টি-কেন্দ্রিক একটি বাণিজ্যিক বিজ্ঞাপন রচনা করো। ১০
- ২। মহাবিদ্যালয়ের পরীক্ষায় অনুপস্থিতির কারণ নির্দেশ করে মহাবিদ্যালয়ের অধ্যক্ষের কাছে একটি পত্র রচনা করো। ১০
অথবা
এলাকায় মশার উপদ্রব সংক্রান্ত সমস্যার কথা উল্লেখ করে পঞ্চায়েত প্রধানের কাছে একটি পত্র রচনা করো। ১০
- ৩। অনলাইন বনাম অফলাইন – কোন্ শিক্ষাব্যবস্থা ছাত্র সমাজে বেশি গ্রহণযোগ্য? এই বিষয়ে একজন অধ্যাপকের মতামত জানতে চেয়ে একটি পরিচ্ছন্ন যুক্তিনির্ভর সাক্ষাৎকার লেখো। ১০
অথবা
শিশুশ্রম একটি সামাজিক ব্যাধি – এই বিষয়ে একজন সমাজতাত্ত্বিকের গুরুত্বপূর্ণ বক্তব্য সাক্ষাৎকারের মাধ্যমে তুলে ধরো। ১০
- ৪। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো: ১০×১ = ১০
(ক) জলদূষণ ও সভ্যতার সংকট
(খ) মোবাইল ফোন ব্যবহারের প্রয়োজনীয়তা
(গ) সচেতনতার বিকাশে ছাত্রসমাজের ভূমিকা।
- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ৫×২ = ১০
(ক) বিজ্ঞাপনের মাধ্যমগুলিকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায় ও কী কী – উদাহরণসহ আলোচনা করো। ২+৩
(খ) প্রবন্ধ কাকে বলে এবং এর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ২+৩
(গ) সাক্ষাৎকার কয় প্রকার ও কী কী? সংবাদ-সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে সাংবাদিককে কোন্ কোন্ বিষয়ে খেয়াল রাখতে হয়? ২+৩
(ঘ) প্রাতিষ্ঠানিক পত্র-রচনার ক্ষেত্রে মূলতঃ কোন্ বিষয়গুলি অতি আবশ্যিক সেগুলি উল্লেখ করো। ৫

—x—